গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর আবিশ্যিক বিষয়সমূহের কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | এস এম আনছারুজ্জামান<br>পরিচালক (প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর। |
| সভার তারিখ | ১৭ জুলাই ২০২৩ খ্রি: |
| সভার সময় | সকাল ১১:০০ ঘটিকা |
| স্থান | মাল্টিপারপাস হল (নিচ তলায়), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর |
| উপস্থিতি | (সভার উপস্থিতি পরিশিষ্ট-ক) |

সভাপতি, জনাব এস. এম. আনছারুজ্জামান, পরিচালক (প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর সভার সকল সদস্যকে যথাসময়ে উপস্থিত হওয়ায় ধন্যবাদ জান অত:পর সভাপতি বার্ষিক কর্মসম্পাদন চুক্তি APA এর আবিশ্যিক বিষয়ের ৫টি কর্মপরিকল্পনা ধারাবাহিকভাবে উপস্থাপনের জন্য জনাব মোছাম্মদ রোখস হায়দার, শিক্ষা অফিসার (প্রশাসন) কে নির্দেশনা দিলে তিনি তা উপস্থাপন করেন। উপস্থাপিত কার্যক্রমগুলো নিয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নের সিদ্ধান্তস গৃহীত হয়:

| ক্র: নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ক) | জাতীয় শুদ্ধাচার বিষয়ক কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ বাস্তবায়ন সংক্রান্ত; | প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ২০২৩-২০২৪ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা সভায় উপস্থাপন করা হয়। কর্মপরিকল্পনায় গৃহীত বিভিন্ন সভা, প্রশিক্ষণ ও আর্থিক সংশ্লিষ্ট বিষয়গুলো নিয়ে সভায় আলোচনা করা হয়। কর্মপরিকল্পনার নির্ধারিত সভাগুলো প্রতি ত্রৈমাসিকে নির্দিষ্ট সময়ের মধ্যে সমাপ্ত করতে সভাপতি ফোকাল কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করেন। এছাড়া প্রশিক্ষণগুলোর একটি সময়াবদ্ধ পরিকল্পনা প্রণয়নের বিষয়ে সভায় আলোচনা করা হয়। বার্ষিক ক্রয়-পরিকল্পনা ৩১ জুলাই ২০২৩ তারিখের মধ্যে প্রকাশের নিমিত্ত একটি ইউও নোট প্রশাসন বিভাগ থেকে পরিচালক (প্রকিউরমেন্ট)কে প্রেরণের বিষয়ে সভায় আলোচনা করা হয়। সুশাসন নিশ্চিতকরণে দুর্নীতি প্রতিরোধে গৃহীত কার্যক্রমসমূহ মনিটরিং এর জন্য বিভিন্ন পর্যায়ে কমিটি গঠনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | সিদ্ধান্তসমূহ নিম্নরূপ:<br>* জাতীয় শুদ্ধাচার বিষয়ক কর্মপরিকল্পনায় অন্তর্ভূক্ত সভাগুলো নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত করতে হবে।<br>* প্রশিক্ষণগুলোর একটি সময়াবদ্ধ পরিকল্পনা প্রস্তুত করে আগামী ২৫ জুলাই ২০২৩ তারিখের মধ্যে পরিচালক (প্রশাসন) বরাবর দাখিল করতে হবে।<br>* বার্ষিক ক্রয়-পরিকল্পনা ৩১ জুলাই ২০২৩ তারিখের মধ্যে প্রকাশের নিমিত্ত একটি ইউও নোট পরিচালক (প্রকিউরমেন্ট)কে প্রেরণ করতে হবে।<br>* সুশাসন নিশ্চিতকরণে দুর্নীতি প্রতিরোধে গৃহীত কার্যক্রমসমূহ মনিটরিং এর জন্য বিভিন্ন পর্যায়ে কমিটি গঠন করতে হবে।<br>বাস্তবায়ন: পরিচালক (প্রশাসন) ও উপপরিচালক (সংস্থাপন)। |

| | | | |
|---|---|---|---|
| খ) | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ বাস্তবায়ন সংক্রান্ত; | প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ২০২৩-২০২৪ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা সভায় উপস্থাপন করা হয়। ক্রমিক নম্বর- ১.১ মোতাবেক সেবা সহজিকরণ/সেবা ডিজিটাইজেশনের মাধ্যমে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ন্যুনতম একটি সেবা সহজিকরণের উদ্যোগ নিতে সভাপতি ও পরিচালক (প্রাশাসন), জনাব অনুজ কুমার রায়, সিনিয়র সিস্টেম এনালিস্টকে অনুরোধ করেন। এছাড়া মাঠপর্যায় থেকে এ সংক্রান্ত প্রস্তাব সংগ্রহের উদ্যোগ নিতে সভাপতি সদস্যদের দৃষ্টি আকর্ষণ করেন। জনাব মো: আতাউর রহমান, সহকারী পরিচালক সভায় জানান, বছরের শুরুতেই মাঠপর্যায় থেকে সেবা সহজিকরণ/ উদ্ভাবনী উদ্যোগ সংগ্রহ করা হলে শোকেসিং এর সময় আইডিয়াসমূহ মূল্যায়ন এবং পরবর্তীতে র‍্যাপ্লিকেশন করা সহজ হবে। কর্মশালা/ প্রশিক্ষণগুলোর একটি সময়াবদ্ধ পরিকল্পনা প্রস্তুত করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | * ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনায় সেবা সহজিকরণ / সেবা ডিজিটাইজেশনের মাধ্যমে ন্যুনতম একটি সেবা সহজিকরণ কার্যক্রম বাস্তবায়ন করা হবে।<br>বাস্তবায়ন: জনাব অনুজ কুমার রায়, সিনিয়র সিস্টেম এনালিস্ট (আইএমডি)।<br>* মাঠপর্যায় থেকে সেবা সহজিকরণ/ উদ্ভাবনী উদ্যোগ সংগ্রহ করতে হবে।<br>* কর্মপরিকল্পনা অনুযায়ী কর্মশালা/ প্রশিক্ষণগুলোর একটি সময়াবদ্ধ পরিকল্পনা প্রস্তুত করে আগামী ২৫ জুলাই ২০২৩ তারিখের মধ্যে পরিচালক (প্রশাসন) বরাবর দাখিল করতে হবে।<br>বাস্তবায়ন: উপপরিচালক (সংস্থাপন) ও মোছাম্মদ রোখসানা হায়দার, শিক্ষা অফিসার, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর। |
| গ) | সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ বাস্তবায়ন সংক্রান্ত; | প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ২০২৩-২০২৪ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা সভায় উপস্থাপন করা হয়। | সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা মোতাবেক কার্যক্রমগুলো নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত করতে হবে।<br>বাস্তবায়ন: উপপরিচালক (সংস্থাপন) ও মোছাম্মদ রোখসানা হায়দার, শিক্ষা অফিসার, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর। |
| ঘ) | তথ্য অধিকার কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ বাস্তবায়ন সংক্রান্ত; | প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ২০২৩-২০২৪ অর্থবছরের তথ্য অধিকার কর্মপরিকল্পনা সভায় উপস্থাপন করা হয়। তথ্য অধিকার আইন মোতাবেক আবেদন গ্রহণ ও নিষ্পত্তি সংক্রান্ত একটি সফটওয়ার প্রণয়নের জন্য আইএমডি শাখায় ইউও নোট প্রদান করা হয়েছে মর্মে ফোকাল কর্মকর্তা সভায় অবহিত করেন। তিনি জানান যে, অনলাইনে কার্যক্রমটি গ্রহণ করা হলে সেবা প্রত্যাশিদের সহজেই তথ্য সেবা প্রদান সম্ভব হবে। এ বিষয়ে সিনিয়র সিস্টেম এনালিস্ট জনাব অনুজ কুমার রায়, জানান, আগস্ট ২০২৩ এর মধ্যে সফটওয়ারটি প্রণয়ন করা সম্ভব হবে। কর্মশালা ও প্রশিক্ষণে একটি সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়নের বিষয়ে আলোচনা করা হয়। | * তথ্য অধিকার কর্মপরিকল্পনায় তথ্য সেবা প্রদানের নিমিত্ত পরিচালক (আইএমডি)-তে চাহিত সফটওয়ারটি প্রণয়নক্রমে ৩০ আগস্ট ২০২৩ এর মধ্যে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে হোস্টিং সম্পন্ন করতে হবে।<br>বাস্তবায়ন: জনাব অনুজ কুমার রায়, সিনিয়র সিস্টেম এনালিস্ট (আইএমডি)।<br>* কর্মশালা ও প্রশিক্ষণে একটি সময়াবদ্ধ কর্মপরিকল্পনা আগামী ২৫ জুলাই ২০২৩ তারিখের মধ্যে পরিচালক (প্রশাসন) বরাবর দাখিল করতে হবে।<br>বাস্তবায়ন: উপপরিচালক (সংস্থাপন) ও মাজেদা সুলতানা, শিক্ষা অফিসার, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর। |

| | | | |
|---|---|---|---|
| ৬) | অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা কর্মপরিক ল্পনা ২০২২-২০ ২৩ বাস্তবায়ন সংক্রান্ত; | প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ২০২৩-২০২৪ অর্থবছরের অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (GRS) কর্মপরিকল্পনা সভায় উপস্থাপন করা হয়। আলোচনা মোতাবেক কর্মপরিকল্পনায় সকল সূচকের অগ্রগতি যথাসময়ে অর্জনের বিষয়ে সচেষ্ট থেকে কাজ করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। প্রশিক্ষণ ও কর্মশালাগুলো আয়োজনের জন্য একটি সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়নের বিষয়ে সভায় আলোচনা করা হয়। এছাড়া (GRS) সফটওয়ার এর লিংক (http:grs.gov.bd) মাঠপর্যায়ের সকল দপ্তরসমূহে অবহিত করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | * অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা কর্মপরিকল্পনায় সকল সূচকের অগ্রগতি যথাসময়ে অর্জনের বিষয়ে সচেষ্ট থেকে কাজ করতে হবে।<br>* প্রশিক্ষণ ও কর্মশালাগুলো আয়োজনের জন্য আগামী ২৫ জুলাই ২০২৩ তারিখের মধ্যে একটি সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রশাসন শাখায় প্রেরণ করতে হবে।<br>* (GRS) সফটওয়ার এর লিংক (http:grs.gov.bd) মাঠপর্যায়ের সকল দপ্তরসমূহে অবহিত করতে হবে।<br>বাস্তবায়ন: উপপরিচালক (তদন্ত ও শৃঙ্খলা) ও মোঃ রোকনুজ্জামান, শিক্ষা অফিসার, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর। |

চ) সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন ।

এস এম আনছারুজ্জামান
পরিচালক (প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.৩০০.০৫.০০২.২৩.৩৪

তারিখ: ৪ শ্রাবণ ১৪৩০
১৯ জুলাই ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) পরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২) সিনিয়র সিস্টেম এনালিস্ট (চলতি দায়িত্ব), সিনিয়র সিস্টেম এনালিস্ট (আইটি), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (ওয়েবসাইটে শুদ্ধাচার বক্সে আপলোডের অনুরোধসহ)।
৩) উপপরিচালক, ঢাকা/খুলনা/সিলেট/বরিশাল/ময়মনসিংহ/রাজশাহী/রংপুর/চট্টগ্রাম
৪) জনাব ------------------------------------------------------------ প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৫) মহাপরিচালক মহোদয় এর ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬) অতিরিক্ত মহাপরিচালক/ অতিরিক্ত মহাপরিচালক পিডিইপি-৪ এর ব্যক্তিগত সহকারী, (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়গণের সদয় অবগতির জন্য)।
৭) অফিস কপি।

এস এম আনছারুজ্জামান
পরিচালক (প্রশাসন)